দেশে সাড়ে ৮ কোটি ডোজ করোনা টিকার প্রয়োগ

ডেস্ক রিপোর্ট: সারাদেশে সোমবার (১৫ নভেম্বর) ৫ লাখ ৩ হাজার ৩২৭ ডোজ করোনা প্রতিরোধী টিকা দেওয়া হয়েছে। এর মধ্যে প্রথম ডোজ দেওয়া হয়েছে ২ লাখ ৬২ হাজার ৩০৩ জনকে এবং দ্বিতীয় ডোজ দেওয়া হয়েছে ২ লাখ ৪১ হাজার ২৪ জনকে। স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো টিকাদান বিষয়ক সংবাদ বিজ্ঞপ্তি থেকে এসব তথ্য জানা যায়।

এখন পর্যন্ত প্রথম ডোজ দেওয়া হয়েছে ৫ কোটি ১৮ লাখ ৫২ হাজার ৪২৫ জনকে এবং দ্বিতীয় ডোজ পেয়েছেন ৩ কোটি ৩৪ লাখ ৬ হাজার ২০৮ জন। অর্থাৎ ৮ কোটি ৫২ লাখ ৫৮ হাজার ৬৩৩ ডোজ টিকা দেওয়া শেষ হয়েছে। অ্যাস্ট্রাজেনেকা, সিনোফার্ম, ফাইজার এবং মডার্নার টিকা মিলিয়েই এই সংখ্যক টিকা দেওয়া হয়েছে।

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক জানিয়েছেন, দেশে এখন পর্যন্ত ১১ কোটির কিছু বেশি টিকা এসেছে এবং সোয়া ২ কোটি টিকা মজুত আছে।

আর করোনা প্রতিরোধী এই টিকার পেতে এখন পর্যন্ত নিবন্ধন করেছেন ৬ কোটি ৬৭ লাখ ৮৯ হাজার ৬৪২ জন